গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০১/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ২০ নভেম্বর ২০১৮, ৬ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। 'মাদার অভ্ হিউম্যানিটি পদক নীতিমালা-২০১৮' এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
সায়মা ওয়াজেদ হোসেনকে মন্ত্রিসভা অভিনন্দন

২। প্রচারণা সামগ্রী না সরানোয় জরিমানা করার নির্দেশ নির্বাচন কমিশনের

৩। নয়াপল্টনে সংঘটিত সহিংসতার ঘটনা ফৌজদারি অপরাধ : নির্বাচন কমিশন
'থ্যাঙ্ক ইউ পিএম' প্রচারে সমস্যা নেই : নির্বাচন কমিশনার

৪। নির্বাচনি হলফনামায় সম্পদের তথ্য গোপন করলে ব্যবস্থা : দুদক চেয়ারম্যান

৫। আচরণবিধি লঙ্ঘণ করলে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত : স্বাস্থ্যমন্ত্রী

৬। এসএসসির ফরম পূরণে বাড়তি টাকা নেওয়া যাবে না : শিক্ষামন্ত্রীর নির্দেশ

৭। আয়কর মেলা শেষ, ২ হাজার ৪৬৯ কোটি টাকা আয়কর আদায়

৮। অনলাইনে সরকারি সেবার বিল নেবে ১১ প্রতিষ্ঠান

৯। সেবাখাতে রপ্তানি আয় ১৪০ কোটি ডলার : ইপিবি'র প্রতিবেদন

১০। নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুন মামলার পূর্ণাঙ্গ রায় প্রকাশ

১১। পর্নোগ্রাফিযুক্ত ওয়েবসাইট বন্ধে হাইকোর্টের নির্দেশ
গুলশান লেকে ওয়াটার ট্যাক্সি চলাচলের ওপর হাইকোর্টের নিষেধাজ্ঞা

১২। ঈদে মিলাদুন্নবী আগামীকাল

১৩। সশস্ত্র বাহিনী দিবস আগামীকাল

চলমান পাতা-২

১। **‘মাদার অভ্ হিউম্যানিটি পদক নীতিমালা-২০১৮’ এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**
**সায়মা ওয়াজেদ হোসেনকে মন্ত্রিসভা অভিনন্দন**

প্রান্তিক, অনগ্রসর, সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে অবদান রাখা পাঁচ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পদক দেওয়ার বিধান রেখে ‘মাদার অভ্ হিউম্যানিটি পদক নীতিমালা-২০১৮’ এর খসড়া অনুমাদন দিয়েছে মন্ত্রিসভা। পদকের নাম হবে ‘মাদার অভ্ হিউম্যানিটি’ সমাজকল্যাণ পদক। গতকাল (১৯ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকের পর সংবাদসম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, মাদার অভ্ হিউম্যানিটি বলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বোঝানো হয়েছে। আন্তর্জাতিক অঙ্গনে প্রধানমন্ত্রীকে যে মাদার অভ্ হিউম্যানিটির স্বীকৃতি দেওয়া হয়েছে, সেটার প্রতিফলন হিসেবে এ পদক প্রবর্তন করা হয়েছে। পুরস্কারের নীতিমালা অন্যান্য জাতীয় পুরস্কারের মতই গতানুগতিক উল্লেখ করে তিনি বলেন, পাঁচজন ব্যক্তি ও সংস্থাকে প্রতি বছরের ২ জানুয়ারি সমাজকল্যাণ দিবসে এ পদক দেওয়া হবে।

এছাড়া ‘ইউনেস্কো-আমির জাবের আল-আহমদ আল-সাবাহ পুরস্কারের’ আন্তর্জাতিক জুরি বোর্ডে দ্বিতীয়বারের মতো চেয়ারপারসন নির্বাচিত হওয়ায় সায়মা ওয়াজেদ হোসেনকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। প্রতিবন্ধীদের প্রযুক্তিগত ক্ষমতায়নের লক্ষ্যে এ পুরস্কার চালু করা হয়েছে। গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের শুরুতেই সায়মা ওয়াজেদকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **প্রচারণা সামগ্রী না সরানোয় জরিমানা করার নির্দেশ নির্বাচন কমিশনের**

নির্দেশনা উপেক্ষা করে আগাম নির্বাচনি প্রচারসামগ্রী যারা সরায়নি তাদের জরিমানা করতে রিটার্নিং ও সহকারী রিটার্নিং কর্মকর্তাসহ ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। একইসঙ্গে পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদের সহায়তায় আগাম প্রচারসামগ্রী অপসারণ করতে বলা হয়েছে। গতকাল (১৯ নভেম্বর সোমবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬)।

৩। **নয়াপল্টনে সংঘটিত সহিংসতার ঘটনা ফৌজদারি অপরাধ : নির্বাচন কমিশন**
**'থ্যাঙ্ক ইউ পিএম' প্রচারে সমস্যা নেই : নির্বাচন কমিশনার**

বিএনপি’র মনোনয়নপত্র সংগ্রহ করা নিয়ে নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সংঘটিত সহিংসতার ঘটনাকে ফৌজদারি অপরাধ হিসেবে গণ্য করেছে নির্বাচন কমিশন। একইসঙ্গে এ ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে তদন্ত চলবে বলে ইসি সচিব সাংবাদিকদের জানিয়েছেন। তিনি বলেন, তবে এ ঘটনায় নিরপরাধ কেউ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতেও পুলিশকে বলা হয়েছে।

প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে নির্মিত 'থ্যাঙ্ক ইউ পিএম' বিজ্ঞাপন হিসেবে টেলিভিশনে প্রচারে সমস্যা নেই বলে মনে করে নির্বাচন কমিশন। বিএনপির পক্ষ থেকে আপত্তির পরিপ্রেক্ষিতে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ গতকাল (১৯ নভেম্বর সোমবার) নির্বাচন ভবনে সাংবাদিকদের কাছে এ অভিমত ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

৪। **নির্বাচনি হলফনামায় সম্পদের তথ্য গোপন করলে ব্যবস্থা : দুদক চেয়ারম্যান**

নির্বাচনি হলফনামায় ভুল তথ্য দিলে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ। তিনি বলেন, যারা জনপ্রতিনিধি হবেন তারা তাদের সম্পদের হিসাব সঠিকই দেবেন হলফনামায়। যদি কেউ হলফনামায় সঠিক তথ্য না দেন বা সম্পদের তথ্য গোপন করেন তাকে চিহ্নিত করা কঠিন কিছু নয়। প্রার্থীদের হলফনামা জনসম্মুখে প্রকাশ করা হবে। তাদের বিরুদ্ধে ডেফিনেটলি ব্যবস্থা গ্রহণ করবে কমিশন। গতকাল (১৯ নভেম্বর সোমবার) দুদকের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** ( পৃ.১,ক.৮)।

৫। **আচরণবিধি লঙ্ঘণ করলে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত : স্বাস্থ্যমন্ত্রী**

আচরণবিধি লঙ্ঘনের জন্য বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমানের বিরুদ্ধে কঠোরব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, তারেক রহমানের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। কারণ নির্বাচন কমিশনের বিধি লঙ্ঘন করে কেউ যদি কোনো বক্তব্য দেয়, আচরণবিধি লঙ্ঘন করে, তাহলে সে যেই হোক তার বিরুদ্ধে কঠোরব্যবস্থা নেওয়া উচিত। গতকাল (১৯ নভেম্বর সোমবার) রাজধানীর শহিদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের ডিজিটাল

চিকিৎসাসেবা কার্যক্রমের উদ্বোধনশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। এসএসসির ফরম পূরণে বাড়তি টাকা নেওয়া যাবে না : শিক্ষামন্ত্রীর নির্দেশ**

এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত টাকা আদায় বন্ধের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। কোনো প্রতিষ্ঠানের বিরুদ্ধে অতিরিক্ত অর্থ নেওয়ার অভিযোগ পেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়েছেন তিনি। গতকাল (১৯ নভেম্বর সোমবার) সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ে শিক্ষক প্রতিনিধিদলের সঙ্গে আলোচনাকালে মন্ত্রী এ কথা বলেন। শিক্ষার্থীদের কাছ থেকে যারা অতিরিক্ত টাকা নিয়েছেন, তাদের এ টাকা ফেরত দিতে হবে এবং এর সঙ্গে জড়িত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** ( শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**৭। আয়কর মেলা শেষ, ২ হাজার ৪৬৯ কোটি টাকা আয়কর আদায়**

সপ্তাহব্যাপী আয়কর মেলায় ৪ লাখ ৮৭ হাজার ৫৭৩ করদাতা তাদের আয়কর রিটার্ন জমা দিয়েছেন। এর বিপরীতে আদায় হয়েছে ২ হাজার ৪৬৯ কোটি টাকা। গত বছরের মেলায় রিটার্ন দাখিল হয়েছিল ৩ লাখ ৩৫ হাজার ৪৮৭টি। অর্থাৎ গত বছরের চাইতে এবার মেলায় রিটার্ন দাখিল বেড়েছে ৪৫ শতাংশ। এবার মেলায় এসে ৩৯ হাজার ৭৪৩ জন নতুন করে কর শনাক্তকরণ নম্বর (ই-টিআইএন) নেওয়ার মাধ্যমে আয়করের খাতায় নাম লিখিয়েছেন। গতবার মেলায় নতুন ই-টিআইএন সংগ্রহকারী ছিলেন ২৯ হাজার ২৫৪ জন। এছাড়া এবার মেলায় সেবাগ্রহণকারী ব্যক্তির হিসাবও অতীতের যে কোনো সময়ের রেকর্ড ছাড়িয়ে গেছে। এবার ১৬ লাখ ৩৬ হাজার ২৬৬ জন আয়কর মেলায় এসে সেবা নিয়েছেন। গত বছরের মেলায় এ সংখ্যা ছিল ১১ লাখ ৬৯ হাজার। সে বিবেচনায় এবার মেলা থেকে সেবাগ্রহণকারী বেড়েছে প্রায় ৪০ শতাংশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**৮। অনলাইনে সরকারি সেবার বিল নেবে ১১ প্রতিষ্ঠান**

অনলাইনে ইউটিলিটি বিল পরিশোধে 'এক-পে'র সঙ্গে কাজ করবে এটুআই ও ১১ আর্থিক প্রতিষ্ঠান। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে যে কেউ পানি, বিদ্যুৎ, গ্যাস বিলসহ সব ধরনের সরকারি সেবার বিল পরিশোধ করতে পারবেন। সরাসরি শাখায় গিয়ে বিল দেওয়া ছাড়াও ডেবিট ও ক্রেডিট কার্ড, মোবাইল ওয়ালেট এবং ডিজিটাল ক্রেডিটের মাধ্যমে যে কোনো জায়গা থেকে বিল পরিশোধ করা যাবে। গতকাল (১৯ নভেম্বর সোমবার) এ লক্ষ্যে এসব প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতাস্মারক (এমওইউ) স্বাক্ষর হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সম্মেলনকক্ষে এসব প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এমওইউতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৪)।

**৯। সেবাখাতে রপ্তানি আয় ১৪০ কোটি ডলার : ইপিবি'র প্রতিবেদন**

চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম তিন মাসে (জুলাই-সেপ্টেম্বর) বিভিন্ন ধরনের সেবা রপ্তানি করে বাংলাদেশ আয় করেছে প্রায় ১৪০ কোটি মার্কিন ডলার। এ আয় গত অর্থবছরের একই সময়ের চেয়ে প্রায় ৫৫ দশমিক ৫২ শতাংশ বেশি। গত অর্থবছরের প্রথম তিন মাসে আয় এসেছিল ৯০ কোটি ৬৩ লাখ ডলার। সম্প্রতি বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) প্রকাশিত সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য পাওয়া গেছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭)।

**১০। নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুন মামলার পূর্ণাঙ্গ রায় প্রকাশ**

নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুন মামলার দু'টি পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়েছে। দুই বিচারপতির স্বাক্ষরের পর গতকাল (১৯ নভেম্বর সোমবার) সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে এ রায়গুলো প্রকাশ করা হয়। গত বছরের ২২ আগস্ট হাইকোর্ট সাত খুন মামলার রায় ঘোষণা করে। ঐ রায়ে মামলার অন্যতম অভিযুক্ত লে. কর্নেল (অব.) তারেক সাঈদ, কাউন্সিলর নূর হোসেনসহ পনেরো জনের মৃত্যুদণ্ড বহাল রাখে। যাবজ্জীবন দণ্ড দেওয়া হয় ১১ জনকে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১১। পর্নোগ্রাফিযুক্ত ওয়েবসাইট বন্ধে হাইকোর্টের নির্দেশ**
**গুলশান লেকে ওয়াটার ট্যাক্সি চলাচলের ওপর হাইকোর্টের নিষেধাজ্ঞা**

পর্নোগ্রাফিযুক্ত দেশের সকল ওয়েবসাইট ছয় মাসের জন্য বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। ডাক ও টেলিযোগাযোগ সচিব, তথ্যসচিব, বিটিআরসি চেয়ারম্যান, সকল মোবাইল অপারেটরকে এ নির্দেশনা বাস্তবায়ন করতে বলা হয়েছে। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১৯ নভেম্বর সোমবার) এ আদেশ দেন। আদালত বলেন, এতে শুধু শিশুরাই নয়, এসব



ওয়েবসাইটের মাধ্যমে সমাজের অনেকেই ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটাকে জাতির স্বার্থে গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করা প্রয়োজন।

এছাড়া গুলশান পুলিশ প্লাজার পেছন থেকে গুলশান-বাড্ডা লিঙ্করোড পর্যন্ত ওয়াটার ট্যাক্সি চলাচলের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে হাইকোর্ট। একইসঙ্গে গুলশান-বাড্ডা লিঙ্করোডে পাকা বাঁধ না দিয়ে ও গুলশান-বাড্ডা লেকের ১৩৬-১৪৩ নং ওয়ার্কওয়ে সংস্কার বা মেরামত না করে ওয়াটার ট্যাক্সি চলাচল কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না

তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। আগামী চার সপ্তাহের মধ্যে বিআইডব্লিউটি'র এর চেয়ারম্যান, ডিএমপি কমিশনার ও ওয়াটার ট্যাক্সি পরিচালনাকারী কর্তৃপক্ষকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি তারিক-উল হাকিম ও বিচারপতি মো. সোহরাওয়ার্দীর সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১৯ নভেম্বর সোমবার) এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭)।

**১২। ঈদে মিলাদুন্নবী আগামীকাল**

আগামীকাল যথাযোগ্য ধর্মীয় মর্যাদায় পালিত হবে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আজ (২০ নভেম্বর মঙ্গলবার) থেকে শুরু হচ্ছে ইসলামিক ফাউন্ডেশনের (ইফা) পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা। **১৫** দিনব্যাপী ওয়াজ মাহফিল হবে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে। হযরত মুহাম্মদ (সা.) এর জীবনীগ্রন্থ ও ক্যালিগ্রাফি প্রদর্শনী, সেমিনার, বইমেলা, ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা ও স্মারক প্রকাশ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭)।

**১৩। সশস্ত্র বাহিনী দিবস আগামীকাল**

যথাযথ মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আগামীকাল **২১** নভেম্বর বুধবার সশস্ত্র বাহিনী দিবস উদ্‌যাপিত হবে। দেশের সকল সেনানিবাস, নৌঘাঁটি ও স্থাপনা এবং বিমানবাহিনী ঘাঁটির মসজিদসমূহে দেশের কল্যাণ ও সমৃদ্ধি এবং সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি ও অগ্রগতি কামনা করে ফজরের নামাজ শেষে বিশেষ মোনাজাতের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হবে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী প্রদান করেছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **যায়যায়দিন :** আপদকালীন সময়ে দেশের জনগণের চাহিদা মেটাতে খাদ্যশস্য মজুদ সরকারের উল্লেখযোগ্য একটি পদক্ষেপ উল্লেখ করে এরই ধারাবাহিকতায় চলতি আমন মৌসুমেও প্রতি কেজি ৩৬ টাকা দরে ৬ লাখ টন সিদ্ধ চাল সংগ্রহ করার সিদ্ধান্তের বাস্তবায়ন প্রত্যাশা।

খ. **বণিক বার্তা** : বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের গুদাম স্বল্পতার কারণে ইউরিয়া সার খোলা আকাশের নিচে রাখা হচ্ছে উল্লেখ করে সার সংরক্ষণে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**গ.** **ইত্তেফাক, ইনকিলাব, সংবাদ :** দেশের তরুণদের মধ্যে বেকারত্ব ২০১০ সাল থেকে ২০১৭ সাল নাগাদ দ্বিগুণ হয়ে দাঁড়িয়েছে ১০ দশমিক ৭ শতাংশে যা এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় ২৮টি দেশের মধ্যে দ্বিতীয়। এ তথ্য আন্তর্জাতিক শ্রম সংস্থার 'এশিয়া প্যাসিফিক' এমপ্লয়মেন্ট অ্যান্ড সোস্যাল আউটলুক-২০১৮' শীর্ষক এক প্রতিবেদনে উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে দেশের প্রত্যাশিত উন্নয়নে কর্মসংস্থান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **যুগান্তর** : দেশে প্রতিবছর ৭ লাখের বেশি মানুষ আগুনে পুড়ে হতাহত হন, যাদের বেশিরভাগ রান্নার গ্যাস থেকে আগুন লেগে ক্ষতিগ্রস্ত হয়েছেন উল্লেখ করে অগ্নিকাণ্ডের ব্যাপকতা রোধে সচেতনতার আহ্বান।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বস্তির শিশুদের জন্য বিনামূল্যে শিক্ষার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ২০২১ সালের মধ্যে দেশের অতিদরিদ্র, সুবিধাবঞ্চিত ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর সকলকেই সামাজিক সুরক্ষা বলয়ের আচ্ছাদনে নিয়ে আসতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'সংঘাত নয়, মানুষ চায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হলে সারাবিশ্বে প্রমাণিত হবে শুধু খাদ্য উৎপাদন ও দারিদ্র্য বিমোচনে নয়, জাতীয় নির্বাচনেও বাংলাদেশ অনন্য উদাহরণ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা